

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ জুন ২০২২

এম.এ হান্নানের মৃত্যুবার্ষিকীতে মেয়র স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে প্রথম যে কণ্ঠটি ধ্বনিত হয়েছিল তা এম এ হান্নানের

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ১৯৭১সালের ২৬ মার্চ চট্টগ্রামের কালুরঘাট স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করা হয়েছিল তিনি ছিলেন তৎকালীন চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জননেতা এম.এ হান্নান। ইতিহাস থেকে এম.এ হান্নানের নাম মুছে দিতে একটি স্বার্থশ্বেসী মহল হাজার চেষ্টা করলেও ইতিহাসের প্রকৃত সত্য কেউ গোপন করতে পারে না। ইতিহাস তার নিয়মেই চলবে। তিনি আজ রোববার সকালে এম.এ হান্নানের ৪৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্টেশন রোডস্থ চৈতন্যগলি কবরস্থানে এম.এ হান্নান স্মৃতিস্তম্ভে শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে এ কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী, আবদুস সালাম মাসুম, কাজী নরুল আমিন, পুলক খান্জারী, মোহাম্মদ জাভেদ, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, মহানগর শ্রমিক লীগের সভাপতি বখতিয়ার উদ্দিন খাঁন, অধ্যাপক মাসুম চৌধুরী, আমির আহমদ প্রমুখ।

মেয়র আক্ষেপ করে বলেন, এম.এ হান্নানের কবরটি চিহ্নিত করে একটি নাম ফলক লাগানোর কাজটি করতে নানাভাবে আমরা ব্যর্থ হয়েছি। আতি দায়িত্ব নেয়ার পর একজন রাজনৈতিক কর্মী হিসেবে নিজের দায়বদ্ধতা থেকে এম.এ হান্নানের নামে একটি স্মৃতিস্তম্ভ তৈরী নির্মাণ করি। তিনি বলেন, ইতিহাসে চট্টগ্রামের অনেক গুণিজনের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। চট্টগ্রাম প্রতিটি আন্দোলন-সংগ্রামে উপ মহাদেশের ইতিহাসে অগ্রণী ভূমিকা রেখেছে। তাই যাদের যে অবদান আছে তার স্বিকৃতি দেয়া এবং নতুন প্রজন্মকে তাঁদের গৌরব গাঁথা সম্পর্কে ধারণা দিতে নগরীতে স্মৃতিস্তম্ভ স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগের বাস্তবায়ন হলে নতুন প্রজন্ম গুণিজনের সমৃদ্ধ ইতিহাস পাবে বলে তিনি অভিমত ব্যক্ত

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশসহ কর্মীদের স্বাস্থ্য সনদ না থাকায় জামান এক্সকুসিভ বিরানী হাউজকে একলক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রোববার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে মুরাদপুর এলাকায় পরিচালিত অভিযানে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশ এবং কর্মীদের স্বাস্থ্য সনদ না থাকার কারণে জামান এক্সকুসিভ বিরানী হাউজকে একলক্ষ টাকা জরিমানা করা হয়। এছাড়া কাতালগঞ্জ হাটজারী রোডে নির্মাণ সামগ্রী রাখার দায়ে ফিনলে এন এস মেরিগোল্ডকে ২০ হাজার টাকা ও ফুটপাথে ব্যবসা পরিচালনা করার অপরাধে একব্যক্তিকে এক হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে মশক নিধনের ঔষধ ছিটানোর কাজে প্রতিবন্ধকতা অপসারণের জন্য গুলকবহর ও চকবাজার ওয়ার্ডে কার্যক্রম তদারকি করা হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩